

# রাকসু নির্বাচনে ছাত্রদলের প্যানেল ঘোষণা, নেতৃত্বে আবির-নাফিউল-এষা



শেখ নূর উদ্দিন আবীর, জাহিন বিশ্বাস এষা ও নাফিউল ইসলাম জীবন

রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

প্রকাশ: ০৭ সেপ্টেম্বর ২০২৫ | ১৫:৫১ | আপডেট: ০৭ সেপ্টেম্বর ২০২৫ | ১৬:১৭



রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (রাকসু), হল সংসদ এবং সিনেট ছাত্র প্রতিনিধি নির্বাচনে প্যানেল ঘোষণা করেছে শাখা ছাত্রদল। কেন্দ্রীয় সংসদে সহসভাপতি (ভিপি)পদে শেখ নূর উদ্দিন আবীর, সাধারণ সম্পাদক (জিএস) পদে নাফিউল ইসলাম জীবন এবং এজিএস পদে জাহিন বিশ্বাস এষা নির্বাচন করবেন। রোববার বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহীদ মিনারে আয়োজিত এক সংবাদ সম্মেলনে প্যানেল ঘোষণা করেন কেন্দ্রীয় ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক আমানউল্লাহ আমান।

ভিপি প্রার্থী শেখ নূর উদ্দিন আবীর শাখা ছাত্রদলের সহসভাপতি এবং জিএস নাফিউল ইসলাম জীবন সংগঠনটির দপ্তর সম্পাদক এবং জাহিন বিশ্বাস এষা যুগ্ম-সাধারণ সম্পাদক পদে পয়েছেন।

ছাত্রদল মনোনীত প্যানেলের সহসভাপতি প্রার্থী শেখ নূর উদ্দিন আবীর বিশ্ববিদ্যালয়ের লোক প্রশাসন বিভাগের ২০১৭-১৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থী। তার গ্রামের বাড়ি মাদারিপুরের শিবচর উপজেলায়। তিনি শাখা ছাত্রদলের সহসভাপতির দায়িত্বে আছেন। গত ২০২৩ সালে বিএনপির মিছিলে অংশগ্রহণ করায় নিজ বিভাগের সিনিয়র ও ছাত্রলীগের পদপ্রত্যাশী শাকিবুল হাসান বাকীর হাতে মারধরের শিকার হন আবীর।

বর্তমান কমিটির দপ্তর সম্পাদক নাফিউল ইসলাম জীবন এর আগে ছাত্রদলের আহ্বায়ক কমিটির সদস্য ছিলেন। তিনি বিশ্ববিদ্যালয়ের আরবি বিভাগের ২০১৭-১৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থী। তিনি ২০২৪ সালের মে মাসে ছাত্রলীগের সাধারণ সম্পাদক আসাদুল্লাহ-হিল-গালিব ও তার অনুসারীদের দ্বারা নির্যাতনের শিকার হন। ছাত্রলীগ নেতারা ওইদিন নাফিউল ইসলাম ও তার সহপাঠী এক বন্ধুকে মাদার বংশ হলের ২১৫ নম্বর কক্ষে তিন ঘণ্টা আটকে রেখে মারধর ও পিস্তল ঠেকিয়ে ভয়ভীতি প্রদর্শন করে বলে ছাত্রদলের পক্ষ থেকে দাবি করা হয়।

এ ছাড়াও প্যানেলে ক্রীড়া ও খেলাধুলা সম্পাদক নার্গিস খাতুন, সহ ক্রীড়া ও খেলাধুলা সম্পাদক মাহফুজুর রহমান শাওন, সাংস্কৃতিক সম্পাদক আব্দুল্লাহ আল কাফী, সহ সাংস্কৃতিক সম্পাদক শাহরিয়ার আলম অথী, মহিলা বিষয়ক সম্পাদক স্বপ্না আক্তার, মহিলা বিষয়ক সহ সম্পাদক নুসরাত ঈশিতা, তথ্য ও গবেষণা সম্পাদক গাজী ফেরদৌস হাসান, তথ্য ও গবেষণা সহ সম্পাদক রেদোয়ানুল ইসলাম হৃদয়, মিডিয়া ও প্রকাশনা সম্পাদক রাফায়েতুল ইসলাম রাবিত, সহ মিডিয়া ও প্রকাশনা সম্পাদক নূর নবী।

বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক মারুফ হোসেন, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সহ সম্পাদক নাইমুল ইসলাম নাইম, বিতর্ক ও সাহিত্য বিষয়ক সম্পাদক মাসুম বিল্লাহ, বিতর্ক ও সাহিত্য বিষয়ক সহ সম্পাদক বজিসান বাবু, পরিবেশ ও সমাজ সেবা সম্পাদক এ. আর. রাফি খান, সহ পরিবেশ ও সমাজ সেবা সম্পাদক কুঞ্জশ্রী রায় সুলগ্ন (শুভ)।

এ ছাড়াও সদস্য পদে রয়েছেন মিনারুল ইসলাম মেঘ, সাইদ হাসান ইবনে রুহুল, মাহবুব মোর্শেদ ইল্লিন ও আশরাফুল ইসলাম।

প্যানেল ঘোষণা শেষে ছাত্রদলে কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক আমানউল্লাহ আমান বলেন, ‘একটি রাজনৈতিক দলের নেতারা যখন আরেকটি দলের ছায়ায় থেকে নিজেদের ক্যারিয়ার গঠনে ব্যস্ত ছিলো তখন ছাত্রদলের নেতারা রাজপথে গণতান্ত্রিক রূপান্তরের লড়াইয়ে নিয়োজিত রেখেছিল। সে সময় আমাদের যে নেতারা নির্যাতনের শিকার হয়েছিলেন আমরা তাদের দিয়েই একটা প্যানেল দিয়েছি। কিছু সময়ের ভেতরেই আপনারা দেখবেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে জয়জয়াকার তৈরি হবে।’